মেহেরপুরসহ বিভিন্ন স্থানে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্টিত হয়।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহবায়ক সাইফুল ইসলাম সেলিম এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতিয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী।

এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সাধারাণ সম্পাদক হাবীব, জেলা জাতীয় পার্টির যুগ্ম-আহবায়ক সুমন পারভেজসহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ, বারেক আলী প্রমুখ।

দামুড়হুদা প্রতিনিধি জানান, দামুড়হুদায় জাতীয় পাটির ৩৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বাসস্ট্যান্ডে অবস্থিত কেরু অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা জাতীয় পাটির সভাপতি শহিদুল আলম, বিশেষ অতিথি ছিলেন দর্শনা পৌর শাখার সভাপতি নুরুজ্জামান, দামুড়হুদা উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক সহিদ আজম সদু, দামুড়হুদা সদর ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, আশাদুল, আকবার আলি, মাহাবুব প্রমুখ।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলা প্রশাসন দুটি মাদ্রাসায় কম্বল বিতরণ করেছে। জানা যায়, গতকাল বিকালে উপজেলা সদরের দুটি এতিমখানা-মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসা ও তাফসী রাঃ এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসার সভাপতি হাজী মোফাজ্জেল হোসেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের টেকনিশিয়ান খাইরুল কবির দিনার, অফিস সহায়ক রফিকুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গার মিরাজুল ইসলাম মিরাজসহ মাদ্রাসা-এতিমখানার শিক্ষকবৃন্দ।

দামুড়হুদায় খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে দামুড়হুদায় কোভিড - ১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে, গতকাল বেলা ১২ টার দিকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার- ২০২০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। সেমিনারে কোভিড-১৯ এর স্বাস্থ্য

বিধি অনুসরণ করে খাদ্যের ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে ভিডিও ফুটেজ এর মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, রান্না, বিক্রয়, রপ্তানী, ভোক্তা অধিকার আইন ইত্যাদি বিষয়ে ডিসপ্লে প্রদর্শন করা হয়।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, সমাজসেবা অফিসার সানোয়ার হোসেন, প্রাণী সম্পদ অফিসার ডাঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা জামান মোহাম্মদ শুভ, সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক অনুষ্ঠিত সেমিনারটির উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা জেলা খাদ্য নিরাপদ কর্তৃপক্ষের অফিসার।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালিয়ে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। জানা যায়, গতকাল মঙ্গলবার বিকাল ৫টার দিকে চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

আদালত সূত্রে জানা যায়, দামুড়হুদার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুরাইয়া মমতাজ।

এসময় মুদি দোকানের ট্রেড লাইসেন্স না থাকার অপরাধে রফিকুল ইসলাম নামে এক মুদি ব্যবসায়ী কে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬সালের ৩এর ৬ধারা মোতাবেক ৫’শ টাকা ও একই মোড়ের ৫টি ওষধের ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখা ও ফার্মাসিস্ট সনদ না থাকার অপরাধে ঔষধ আইন ১৯৪০সালের ১৮/২৭ধারা মোতাবেক ১হাজার টাকা করে মোট ৫হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের পেসকার জহির উদ্দিন মোহাম্মদ বাবার ও দামুড়হুদা মডেল থানার এসআই কেষ তৌহিদুর রহমান তৌহিদসহ পুলিশ সদস্য বৃন্দ।

দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয় দলের তরুণ অলরাউন্ডার ইয়াসির আরাফাত মিশুর আগমনে দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার দিকে মোক্তারপুর ঈদগাহ মাঠে প্রীতি ক্রিকেট ম্যাচটি অনুষ্ঠিত হয়।

ম্যাচে অংশগ্রহণ করে মোক্তারপুর ক্রিকেট একাডেমি বনাম আমঝুপি ক্রিকেট একাডেমি। টচে জিতে নির্ধারিত ১৪ ওভারের বিনিময়ে ব্যাট করতে মাঠে নামে মোক্তারপুর ক্রিকেট একাডেমি।

মোক্তারপুর ক্রিকেট একাডেমির পক্ষে ব্যাট করে জাতীয় দলের খেলোয়াড় ইয়াছির আরাফাত মিশু। ১৪ ওভারের বিনিময়ে মোক্তারপুর ক্রিকেট একাডেমি ১’শ রান সংগ্রহ করে। ১০১ রানের টার্গেট নিয়ে মাঠে নেমে সবকটি উইকেট হারিয়ে ৬০ রান সংগ্রহ করে আমঝুপি ক্রিকেট একাডেমি।

মোক্তারপুর যুবসমাজের আয়োজনে ম্যাচ শেষে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, মোক্তারপুর ৮নং ওয়ার্ড আ.লীগের সাধারণ সম্পাদক সাইদুর রহমান টোকন, জুলফিকার আলি মাস্টার, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ ছাত্র লীগের যুগ্ম আহ্বায়ক এম এ করিম, যুবলীগ নেতা রনি।

ম্যাচ সেরা খেলোয়াড় নির্বাচিত হয় জাতীয় দলের খেলোয়াড় ইয়াসির আরাফাত মিশু। ম্যাচটিতে আম্পেয়ারের দায়িত্বে ছিলেন শহিদুল ইসলাম ও সাগর। স্কোরে ছিলেন আব্দুর রহমান ও রাসেল। ধারাভাষ্যে ছিলেন মিজানুর রহমান, আলিম ও মামুন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় এসিল্যান্ড হিসেবে সুদীপ্ত সিংহ’র যোগদান

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে সুদীপ্ত সিংহ যোগদান করেছেন। গতকাল মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে তিনি অফিসিয়াল ভাবে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে যোগদান করেন।

তিনি মাগুরা জেলার সদর উপজেলার সুবোধ সিংহ’র ছেলে ও ৩৫তম বিসিএস ক্যাডার। এর আগে তিনি কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় ও জীবননগর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) হিসেবে কর্মরর্ত ছিলেন।

দামুড়হুদার রুদ্রনগরের হিফজ পড়ুয়া ছাত্র সজিব নিখোঁজ

দামুড়হুদার রুদ্রনগর কাওমী মাদ্রাসা ও এতিমখানার হিফজ পড়ুয়া ছাত্র সজিব রায়হান(১৫) ৮ দিন যাবত নিখোঁজ রয়েছে। সজিব রায়হান দামুড়হুদা উপজেলার অন্তর্ভুক্ত দর্শনা থানার ফুরশেদ গ্রামের আব্বাস আলীর ছেলে।

নিখোঁজ মাদ্রাসা ছাত্রের বাবা-মা জানান, গত ৭ ডিসেম্বর সকালে দামুড়হুদা উপজেলার রুদ্রনগর কওমী মাদ্রাসা ও এতিমখানার ছাত্র সজিব রায়হান নিখোঁজ হয় বলে মাদ্রাসার শিক্ষক তার বাড়িতে মোবাইল করে জানান। মোবাইলে শিক্ষক বলেন আপনার ছেলে ঐ দিন সকাল ৮টার দিকে মাদ্রাসা থেকে পরণে পাঞ্জাবী , লুঙ্গি, গায়ে হলুদ রঙের চাদর এবং মাথায় টুপি দিয়ে কোথায় গেছে, এখন পর্যন্ত মাদ্রাসায় আসে নাই ।

আমরা ঐ দিন সন্ধ্যা আনুমানিক ৭টার সময় মাদ্রাসায় গিয়ে আমার ছেলেকে খোঁজ করলে মাদ্রাসার হুজুর বলে যে, আপনার ছেলে এখনো

মাদ্রাসায় আসে নাই । পরবর্তীতে আমরা পুনরায় আমাদের নিকট আত্মীয় স্বজনের বাড়িতে সহ বিভিন্ন স্থানে খোঁজাখুজি করে কোথাও আমার ছেলে সজিব রায়হানকে পাইনি।

নিখোঁজ সজিব রায়হানের শারীরিক বর্ণনা দিয়ে তার বাবা-মা বলেন, আমার ছেলের গায়ের রং ফর্সা, লম্বা ৫ ফুট ৩ ইঞ্চি, মাথার চুলের রং কালো। এ ঘটনায় নিখোঁজের পিতা আব্বাস সোমবার দামুড়হুদা মডেল থানায় একটি সাধারণ ডায়েরি করেছে।

নিখোঁজ মাদ্রাসা ছাত্রের পরিবার সকলের নিকট দোয়া কামনা করে বলেন যদি কোন স্বহৃদয়বান ব্যক্তি আমার ছেলে সাজিব রায়হানের কোন খোঁজ খবর পেয়ে থাকেন তাহলে আমাদের ০১৭৪৯-৭৩৭২৫০ অথবা অফিসার ইনচার্জ, দামুড়হুদা মডেল থানার ০১৩২০-১৪৮২৪৭ নাম্বারে যোগাযোগ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় শহীদ বুুুুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ মহিউদ্দিন, দামুড়হুদা উপজেলা আ: লীগের সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান মাহ্ফুজুর রহমান মঞ্জু।

এছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা বিল্লাল হোসেন, নূরুল ইসলাম, তমছের আলী, কাশেম, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা.মশিউর রহমান, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, মহিলা বিষয়ক

কর্মকর্তা হুসনে জাহান ববি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মতিন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, দামুড়হুদা মডেল থানার ওসি (অপারেশন) শামসুদ্দদোহা, উপজেলা আনসার ও ভিডিপির প্রশিক্ষক আশরাফুল ইসলাম সহ সাংবাদিক বৃন্দ।

আলোচনা সভায় প্রধান অতিথি উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেন, প্রতিবছর বাংলাদেশের ১৪ ডিসেম্বর দিনটিকে শহীদ বুদ্ধিজীবী দিবস হিসেবে পালন করা হয়। ১৯৭১ সালের ১০ থেকে ১৪ ডিসেম্বর বাংলাদেশের শ্রেষ্ঠ সন্তান প্রথম শ্রেণির সকল বুদ্ধিজীবীদের পাকিস্তান সেনাবাহিনী বাংলাদেশের মধ্যে রাজাকার, আল বদর, আল শমস বাহিনীর সদস্যদের সহযোগিতায় হত্যা করে ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায়ের সূচনা করেন।

দামুড়হুদায় আ: লীগ নেতা আ: জাব্বারের ইন্তেকাল

দামুড়হুদা উপজেলা আ: লীগের সহ-প্রচার সম্পাদক আব্দুল জাব্বার মিয়া(৬৫) মরণব্যাধী ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। (ইন্নালিল্লাহী..রাজিউন)। আব্দুল জাব্বার দামুড়হুদা দশমীপাড়ার মৃত নুর বকশো মন্ডলের ছেলে।

পারিবারিক সূত্রে জানা যায়, গতকাল শুক্রবার ভোরে ঢাকা হাই কেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত্যুকালে আব্দুল জাব্বার স্ত্রী, তিন কন্যা,এক পুত্র সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ মাঠে তার জানাজা নামাজ শেষে দশমী কবরস্থানে দাফন কার্য সম্পন্ন করা হয়।

জানাজা নামাজ পড়ান দামুড়হুদা উপজেলা মসজিদের ইমাম মুফতি আশরাফুল হক। তার মৃত্যুতে গভীর সমবেদনাসহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে জানাজা

নামাজে শরিক হন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য জননেতা হাজী আলি আজগর টগর, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান,

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হদা সদর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান রফিকুল হাসান তনু, দামুড়হুদা পাইলট সরকারি হাই স্কুলের সাবেক প্রধান শিক্ষক আ: মুন্নাফ, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সভাপতি ইসমাইল হোসেন, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, দামুড়হুদা উপজেলা যুবলীগনেতা হাবিবুর রহমান হাবিব, শাহিন উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, আবুল হাশেমসহ শত শত মানুষ জানানজা নামাজে অংশ গ্রহণ করেন।